ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০১৪
ধলাই, ২৪ সেপ্টেম্বর, ২০২৫

**ধলাই জেলায় সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযানের অধীনে বিশেষ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত**

'সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযান'-এর অধীনে গতকাল ধলাই জেলার তিনটি পৃথক স্থানে বিনামূল্যে বিশেষ স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়। এই শিবিরগুলোর মূল উদ্দেশ্য হলো প্রত্যন্ত অঞ্চলের মহিলাদের ও শিশুদের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়া এবং স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করা। গন্ডাতুইসা মহকুমা হাসপাতালের উদ্যোগে গতকাল রামনগরে একটি স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে চোখ, কান-নাক বিশেষজ্ঞ এবং সাধারণ মেডিসিন বিভাগের বিশেষজ্ঞ চিকিৎসকগণ রোগীদের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধ প্রদান করেন। এই শিবিরে মোট ২০৬ জন রোগী উপকৃত হয়েছেন।

একই দিনে, মাছলি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অধীন পূর্ব মাছলিতেও গতকাল একটি স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। সেখানে গ্রামের মহিলারা এবং বয়স্করা শিবিরের সুযোগ গ্রহণ করেন। চিকিৎসকরা বিভিন্ন রোগের পরীক্ষা করে প্রয়োজনীয় চিকিৎসার পরামর্শ দেন। এই শিবিরে মোট ১১২ জন রোগী চিকিৎসা পরিষেবা গ্রহণ করেন।

এছাড়াও মরাছড়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে গতকাল একদিনের স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে বিশেষজ্ঞ চিকিৎসকগণ রোগীদের স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করেন। শিবিরে মোট ৫০ জন রোগীর স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধ প্রদান করা হয়। উল্লেখ্য, এই ধরনের উদ্যোগগুলি প্রত্যন্ত অঞ্চলের মানুষের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি এবং উন্নত চিকিৎসা পরিষেবা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ধলাই জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

******